



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি বি এল কলেজ, খুলনা  
www.blcollege.edu.bd



দুরালাপনী : অফিস ৭৬২৯৪৪  
ফ্যাক্স নং : ০৪১-২৮৫০৩৭০

**২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ মাস্টার্স শেষপর্বে ২য় মেধা তালিকায় ভর্তির বিজ্ঞপ্তি**


ভর্তি পরীক্ষার ফলাফল [www.nu.edu.bd/admissions](http://www.nu.edu.bd/admissions) ওয়েব সাইটে পাওয়া যাবে।

১। ভর্তির তারিখ (২য় মেধা তালিকায়):

| বিষয়ের নাম | ভর্তির তারিখ  |
|-------------|---|
| সকল বিষয়   | ০৩.১২.২০১৭ থেকে ১০.১২.২০১৭<br>(সরকারি ছুটির দিন ব্যতিত) |

- বিষয়ভিত্তিক ২য় মেধা তালিকায় স্থান প্রাপ্তদের অনলাইনে ভর্তি ফরম গ্রহণ : ৩০.১১.২০১৭ থেকে ০৯.১২.২০১৭ তারিখ পর্যন্ত।
- বিষয়ভিত্তিক ২য় মেধা তালিকায় স্থান প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের ভর্তি পরীক্ষার রোল ও পিন নম্বর ব্যবহার করে ওয়েব সাইট [www.nu.edu.bd/admissions](http://www.nu.edu.bd/admissions) থেকে A4 সাইজে অফসেট সাদা কাগজে কালার প্রিন্ট দিয়ে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে। ভর্তি ফরম প্রিন্ট করার পর কলেজ কপি ২ সেট ফটোকপি করে প্রয়োজনীয় কাগজপত্রসহ ভর্তির জন্য সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। ছাত্র-ছাত্রীকে বিভাগ হতে সেমিনার ফিস বাবদ প্রয়োজনীয় টাকা পরিশোধ পূর্বক সেমিনার রশিদ গ্রহণ করতে হবে। ভর্তির আবেদন ফরমে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের স্বাক্ষর করে ভর্তি ফি কলেজ অফিসে (প্রশাসনিক ভবনে) জমা দিয়ে ভর্তি হতে হবে অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- ভর্তির জন্য নির্ধারিত তারিখের পূর্বেই ভর্তির আবেদন ফরমে স্বাক্ষর করার জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হল।
- পরিচয়পত্রের জন্য ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের রপ্তানি ছবি (পিছনে রোল নম্বর লিখে) স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।
- ভর্তির সময় প্রার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র সংগে আনতে হবে। প্রবেশপত্রের ছবির সাথে ভর্তিচ্ছু প্রার্থীর চেহারা মিলিয়ে নিতে হবে।
- ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীকে অনার্স/ মাস্টার্স ১ম পর্ব পরীক্ষা পাসের নম্বর ফর্দ অথবা সনদপত্রের ফটোকপি, প্রশংসাপত্রের ফটোকপি এবং সেমিনার রসিদ ও ভর্তির প্রবেশপত্রের ফটোকপি করে আবেদন ফরম ১ সেট বিভাগে এবং মূল ভর্তি ফরমের সাথে ১ সেট কলেজ অফিসে জমা দিয়ে নির্ধারিত ফিস প্রদান করেই ভর্তি প্রক্রিয়া শেষ করতে হবে।
- কলেজ অভ্যন্তরে অবস্থিত পশ্চিম পার্শ্বে (কলেজ মসজিদের পাশে) সোনালী ব্যাংক, দৌলতপুর কলেজ রোড শাখা থেকে বেতন বই সংগ্রহ করে কলেজ অফিসে ভর্তির ফিস জমা দিতে হবে। মূল বেতন বই ছাড়া কোন বিচ্ছিন্ন পাতায় ভর্তি করা হবে না।
- ভর্তি বাবদ ফিসাদিঃ এম এ = ৩৩০৫/= টাকা, এমএসএস = ৩৩০৫/=, এমবিএস = ৩৩০৫/=, এমএসসি = ৩৪০৫/=  
সেমিনার ফিসঃ এম এ = ৪০০/= টাকা, এমএসএস = ৪০০/=, এমবিএস = ৪০০/=, এমএসসি = ৫৫০/=
- শিক্ষা সফর বাবদ ১০০/= টাকা স্ব স্ব বিভাগ রশিদের মাধ্যমে গ্রহণ করবে।
- কোন শিক্ষার্থী আইসিটি গ্রহণ করলে ভর্তির টাকার সংগে অতিরিক্ত ১৫০০/= টাকা প্রদান করতে হবে এবং ভর্তির আবেদন ফরমের উপর আইসিটি বিষয় কোড ৬৬৬৬ লিখে তা ফটোকপি করে আইসিটি বিভাগে জমা দিতে হবে।
- সিলেবাসঃ ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের নতুন সিলেবাস অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তির ফরমের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক অবশ্যই বিষয় কোড লিখে দিতে হবে। বিষয় কোড লেখা ব্যতিত কোন ভর্তির ফরম গ্রহণ করা হবে না।
- ক্লাস শুরুঃ নতুন সিলেবাস অনুযায়ী ইতোমধ্যেই শুরু হয়েছে।

ভর্তি সংক্রান্ত এই বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েব সাইট [www.blcollege.edu.bd](http://www.blcollege.edu.bd) এ পাওয়া যাবে।

  
(প্রফেসর সৈয়দ সাদিক জাহিদুল ইসলাম)  
অধ্যক্ষ  
সরকারি বি এল কলেজ, খুলনা  
